**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-07-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকর বলেছেন, কেন্দ্র সরকার ২০৩০ সালের মধ্যে বাল্যবিবাহ নির্মূল করতে বদ্ধপরিকর।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সংখ্যালঘুদের সার্বিক উন্নয়নে কেন্দ্রের কাছে ৩২২ কোটি টাকার প্রস্তাব রাখা হয়েছে।**

**(৩) লোকসভায় পাশ হল Public Examinations-Prevention of Unfair Means সংশোধনী বিল-২০২৬।**

**(৪) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের বছর বাঁচাও পরীক্ষার ফলাফল প্রকাশ আগামীকাল।**

*************************

**Visit of NCW Chairperson :**

জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন বিজয়া কিশোর রাহাতকর বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার ২০৩০ সালের মধ্যে বাল্যবিবাহ মুক্ত ভারত গড়ে তুলতে আন্তরিকভাবে কাজ করছে। চলতি বছরের মধ্যে ১০ শতাংশ বাল্যবিবাহ রোধ করার লক্ষ্যমাত্রা রয়েছে। আজ উদয়পুরের রাজর্ষি কলাক্ষেত্রে বাল্যবিবাহ প্রতিরোধ এবং যশোদা AI বিষয়ক সচেতনতামূলক কর্মসূচিতে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন, বাল্যবিবাহ মোকাবিলার অন্যতম উপায় হল নারী ও শিশু শিক্ষার প্রসার। তাছাড়া বাল্যবিবাহ রোধ করতে সামাজিক সচেতনতা আরো বাড়ানোর উপরও তিনি গুরুত্ব আরোপ করেন।

#####Byte- Vijaya Kishore Rahatkar####

শ্রীমতি রাহাতকার বলেন, ২০৪৭ সালের মধ্যে সমৃদ্ধ ভারত গড়ে তোলার ক্ষেত্রে নারী শিক্ষা এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি বলেন, নারীদের ক্ষমতায়নের অন্যতম মাধ্যম হলো তাদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা। বর্তমানে সশস্ত্র বাহিনী, পুলিশে মেয়েদের জন্য বহু সুযোগ তৈরি হয়েছে। তিনি আশা করেন, গোমতী জেলা থেকে আরও বেশি সংখ্যক তরুণী দেশের নিরাপত্তা বাহিনীতে যোগদানে উৎসাহিত হবেন এবং দেশের সেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। আজ গোমতী জেলা সফরকালে তিনি নারী ও শিশু সুরক্ষা, মহিলা কল্যাণ এবং বিভিন্ন সরকারি পরিষেবার অগ্রগতি পর্যালোচনা করেন। উদয়পুরে তাকে স্বাগত জানান জেলা শাসক রিঙ্কু লাথের ও জেলা পুলিশ সুপার অনির্বাণ দাস। শ্রীমতি রাহাতকার টেপানিয়ায় সখি ওয়ান স্টপ সেন্টার পরিদর্শন করেন। তিনি সেখানে নারী সহায়তা ও সুরক্ষা সংক্রান্ত পরিষেবার কার্যক্রম খতিয়ে দেখেন এবং সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি উদয়পুরের পি.আর.টি.আই কনফারেন্স হলে আয়োজিত শী-সার্ভস ('SheServes') অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানগুলিতে উপস্থিত ছিলেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিংকু রায়, রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা।

******************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের সংখ্যালঘু অংশের জনগণের সার্বিক উন্নয়নে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে ৩২২ কোটি টাকার নানা প্রকল্প অনুমোদনের প্রস্তাব পাঠিয়েছে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে মুখ্যমন্ত্রী সংখ্যালঘু উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও সংখ্যালঘু সম্প্রদায়ের জনগনের মধ্যে ঋণ প্রদান অনুষ্ঠানে একথা বলেন। তিনি বলেন, রাজ্যের সংখ্যালঘু সম্প্রদায়ের আত্মনির্ভরশীল হওয়ার পথ প্রশস্ত করবে এই ধরনের ঋন প্রকল্প। শিক্ষা ব্যবসা ইত্যাদি খাতে ঋণ দিচ্ছে সংখ্যালঘু উন্নয়ন দপ্তর। মেডিকেল শিক্ষায় ১০ লক্ষ পর্যন্ত ঋণের ব্যবস্থা রয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংখ্যালঘু কল্যাণ মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, ত্রিপুরা সংখ্যালঘু সমবায় উন্নয়ন নিগমের চেয়ারম্যান মহম্মদ জসীম উদ্দিন,

ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, রাজ্য হজ কমিটির চেয়ারম্যান শাহ আলম।

*****************************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী সমীপেষুর ৭১তম কর্মসূচির মাধ্যমে আজ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত জনগণের সঙ্গে সরাসরি মতবিনিময় করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তিনি বলেন, চিকিৎসার জন্য অযথা রাজ্যের বাইরে যাওয়ার প্রবণতা থেকে বেরিয়ে আসা প্রয়োজন। কারণ বর্তমান সরকার রাজ্যের জনগণের জন্য উন্নত ও আধুনিক চিকিৎসা পরিষেবা গড়ে তুলতে নিরন্তর কাজ করে চলছে। তিনি বলেন, বর্তমানে বহু আধুনিক চিকিৎসা পদ্ধতি ও স্বাস্থ্য পরিষেবা রাজ্যেই চালু রয়েছে এবং বহু মানুষ উপকৃত হচ্ছেন। চিকিৎসা পরিকাঠামো, আধুনিক যন্ত্রপাতি, বিশেষজ্ঞ চিকিৎসক এবং স্বাস্থ্য পরিষেবার সামগ্রিক মান আগের তুলনায় উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে। তাই রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার উপর আস্থা রেখে চিকিৎসা গ্রহণের পাশাপাশি সরকারের সঙ্গে সহযোগিতার আহ্বান জানান তিনি।

***************************

**Pineapple :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে সৌজন্য উপহার হিসেবে ৬০০টি সুস্বাদু আনারস পাঠিয়েছেন। আগরতলার আখাউড়া ইন্টিগ্রেটেড চেক পোস্ট দিয়ে আজ এই আনারসগুলি পাঠানো হয়।

***************************

**Minister Sushanta Chowdhuri :**

ঊনকোটি জেলার অভিভাবক মন্ত্রী হিসাবে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ কৈলাশহর সার্কিট হাউজে এক প্রশাসনিক বৈঠকে পৌরহিত্য করেন। বৈঠকে ঊনকোটি জেলায় সরকারি কর্মসূচির রূপায়ণ ও অগ্রগতি নিয়ে আলোচনা

হয়। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, ADC সদস্য রতীশ ত্রিপুরা ও মঞ্জু রাণী সরকার।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Public Examinations Amendment Bill :**

লোকসভায় পাশ হল Public Examinations-Prevention of Unfair Means সংশোধনী বিল-২০২৬, এবং রাজ্যসভায় পাশ হল প্রিভেনশন অফ ইনসাল্টস টু ন্যাশনাল অনার সংশোধনী বিল। Public Examinations-Prevention of Unfair Means সংশোধনী বিলে বেশ কিছু গুরুত্বপূর্ণ বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে, যার মধ্যে রয়েছে কঠোর শাস্তি যেমন দশ বছর পর্যন্ত কারাদণ্ড, দশ কোটি টাকা পর্যন্ত জরিমানা এবং দোষী সাব্যস্ত অপরাধীদের সম্পত্তি বাজেয়াপ্ত করার বিধান। মামলার দ্রুত নিষ্পত্তি নিশ্চিত করার জন্য, এই আইনে প্রতিটি রাজ্য সরকার এবং কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসনকে দৈনন্দিন বিচারের জন্য বিশেষ ফাস্ট ট্র্যাক আদালত

স্থাপন করার নির্দেশের সংস্থান রয়েছে। এতে আরও বলা হয়েছে যে, থানায় মামলা নথিভুক্ত হওয়ার তারিখ থেকে দুই মাসের মধ্যে অপরাধের তদন্ত অবশ্যই সম্পন্ন করতে হবে। অভিযোগপত্র দাখিলের তারিখ থেকে তিন মাসের মধ্যে বিচারকার্য শেষ করতে হবে। এরপর এই বিলটি রাজ্যসভায় পেশ করা হবে।

এদিকে, স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রায় আজ লোকসভায় জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশোধনী বিল-২০২৬ পেশ করেছেন।

****************************

**Guru Purnima :**

সারা দেশে যথাযোগ্য মর্যাদায় আজ পালিত হচ্ছে গুরু পূর্ণিমা উৎসব যা ব্যাস পূর্ণিমা নামেও পরিচিত। এই উপলক্ষে দেশজুড়ে মানুষ তাঁদের গুরুর প্রতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছেন। উল্লেখ্য, ভগবান বুদ্ধ জ্ঞানলাভের পর এই দিনেই সারনাথে তাঁর প্রথম ধর্মদেশনা প্রদান করেছিলেন। সেই কারণে বৌদ্ধ ধর্মাবলম্বীরাও দিনটি বিশেষভাবে পালন করে থাকেন।

এদিকে, গুরু পূর্ণিমা উপলক্ষে উপরাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

****************************

**Guru Purnima-State :**

গুরু পূর্ণিমা উপলক্ষ্যে আজ রাজ্যের সর্বত্র নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। খোয়াই নতুন টাউন হলে আয়োজিত গুরু সম্বর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা।

শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে গুরু পূর্ণিমা উৎসবের উদ্বোধন করেন দক্ষিণ জেলা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত।

ঊনকোটি জেলার ফটিকরায় বাজারে বিজেপি আয়োজিত গুরু সম্বর্ধনা প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, বিজেপি মন্ডল সভাপতি তরুণ কুমার দাস প্রমুখ। কারামন্ত্রী শান্তনা চাকমা আজ গুরু পূর্ণিমা উপলক্ষ্যে পেঁচারথলের শান্তিপুরস্থিত ধর্মরাজিকা বুদ্ধবিহারে ধর্মগুরু ভান্তেদের শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন।

**************************

**TBSE Bachar Bachao :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে বছর বাঁচাও পরীক্ষার ফলাফল আগামীকাল প্রকাশ করা হবে। পর্ষদের সচিব ডঃ জয়দীপ ভট্টাচার্য আজ এখবর জানান। তিনি জানান, দুপুর ১২টায় ফলাফল প্রকাশ করা হবে। তিনি সংশ্লিষ্ট সমস্ত বিদ্যালয় কর্তৃপক্ষদের কাছে অনুরোধ করেছেন, তাঁরা যেন ছাত্রছাত্রীদের মার্কশিট এবং সার্টিফিকেট আগামী ৩১শে জুলাই পর্ষদ অফিস থেকে সংগ্রহ করেন।

************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ৪-২ গোলে বীরেন্দ্র ক্লাবকে হারিয়ে দেয়।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সিপাহীজলা ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রী সেলসিয়াস।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *